ওবীসী

ওরিয়েন্টাল ব্যাঙ্ক অফ কমার্স

(ভারত সরকারের একটি উদ্যোগ)

আর আর এল ক্লাস্টার অফিস: দুর্গাপুর-৭১৩২১৩ ই মেল: rrl_7625@obc.co.in

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য ই-নিলামের প্রকাশ্য বিজ্ঞপ্তি

ইএমডি (বায়না জমা) এবং নথিপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: ২৯.০৭.২০১৯; বিকেল ৪.০০টে পর্যন্ত

ইএমডি জমার অ্যাকাউন্টের তথ্য: অ্যাকাউন্ট নং ০৩০৪১১৮১০০০১৭২, অ্যাকাউন্টের নাম: EMD Account CO Durgapur, আইএফএসসি: ORBC0100304, ব্রাঞ্চ: দুর্গাপুর

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (২০০২-এর নং ৫৪)-এর অধীনে এই ব্যাঙ্কের কাছে বন্ধক রাখা স্থাবর সম্পত্তিসমূহ বিক্রয়।

যেহেতু, ওরিয়েন্টাল ব্যাঙ্ক অফ কমার্স-এর অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে নিচে লেখা তারিখগুলি সংবলিত ইস্যুকৃত বিজ্ঞপ্তিসমূহ অনুযায়ী আমাদের ব্রাঞ্চে থাকা নিম্নলিখিত লোন অ্যাকাউন্টগুলির পরিপ্রেক্ষিতে এই ব্যাঙ্কের বকেয়া আদায়ের জন্য **'যেখানে আছে সেখানে', 'যেমন আছে তেমন', এবং 'যা কিছু আছে তা'** ভিত্তিতে বিক্রয়ের অধিকার সমেত নিম্নলিখিত সম্পত্তিগুলির দখল নিয়েছেন। এই বিক্রি নিম্নস্বাক্ষরকারী দ্বারা **https://www.bankeauctionwizard.com** ওয়েবসাইটে দেওয়া ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে আয়োজিত হবে।

স্থাবর সম্পত্তিগুলির বিবরণ [উক্ত সম্পত্তিগুলি জামিনযুক্ত উত্তমর্ণের গঠনমূলক দখল/ ব্যবহারিক দখলাধীনে রয়েছে]

ক্রম নং	ব্রাঞ্চের নাম এবং দেনদারগণ/ জামিনদারগণের নাম ও ঠিকানা	সম্পত্তির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম	১) দাবি বিজ্ঞপ্তির তারিখ ২) দখলের তারিখ ৩) দাবির অঙ্ক	সংরক্ষিত মূল্য ইএমডি বিড বিবর্ধন মূল্য
১.	**আসানসোল ব্রাঞ্চ**, আসানসোল, জেলা- বর্ধমান (পঃবঃ)- ৭১৩ ৩০৩। **দেনদার: মেসার্স ওরিয়ন মার্চেন্ডাইজ লিমিটেড, ডিরেক্টর: মহঃ কামাল কওসর এবং পারভেজ আলম।** **জামিনদারগণ:** (১) **মহঃ কামাল কওসর**, পিতা- মহঃ আকবর আনসারি, কারমাটির, পোস্ট- জামতাড়া-৮১৫ ৩৫২। (২) **মহঃ পারভেজ আলম**, পিতা- প্রয়াত কাবিল আনসারি, তারবাহার, গ্রাম ও পোস্ট- কারমাটির, জেলা- জামতাড়া-৮১৫ ৩৫২। (৩) **মনজুর আলম**, পিতা- মুরতেজ আনসারি, তারবাহার, পোস্ট- আমডিহা, জেলা- জামতাড়া-৮১৫ ৩৫২। (৪) **মহঃ মইজ আলম**, পিতা- মহঃ মাহফুজ আলম, রাঙাপাড়া, পোস্ট- বার্নপুর-৭১৩ ৩২৫।	২০১২ সালের দলিল নং: ৫১৭৪ অনুযায়ী **মেসার্স ওরিয়ন মার্চেন্ডাইজ লিমিটেড**-এর স্বত্বাধীনে মৌজা- মহিশীলা, জি টি রোড (ইস্ট), আসানসোল, আসানসোল পুরনিগমের এলাকাধীনে জে এল নং-৩৭, খতিয়ান নং-৪৮৩/১০৪৫, প্লট নং-১২৪/৩২৫৬ সংবলিত জমির ওপর নির্মিত বহুতল বিল্ডিংয়ের চতুর্থ তলে ২৩৬১ বর্গফুট মাপের অফিস স্পেস/হল, তৎসহ ৭৮ বর্গফুট মাপের প্যাসেজের ওপর সাধারণ অধিকার এবং ৮০ বর্গফুট মাপের একটি পার্কিং স্পেসের সমমূল্যে বন্ধক। **চৌহদ্দি:** উত্তর- জি টি রোড; দক্ষিণ- লবি; পূর্ব- শ্রী ভারত থ্যাকার ও অন্যদের সম্পত্তি; পশ্চিম- জয়শ্রী থ্যাকারের সম্পত্তি। ***[গঠনমূলক দখলাধীন]***	১) ২৭.১১.২০১৭ ২) ০২.০৪.২০১৮ ৩) ₹৫০,৫৯,৯৮৯.৮৭ (পঞ্চাশ লাখ উনষাট হাজার ন'শো উননব্বই টাকা এবং সাতাশি পয়সা মাত্র), ৩১.১০.২০১৭ অনুযায়ী + এর ওপর উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল ও চার্জ।	₹৬৭.৮৯ লাখ ₹৬.৮০ লাখ ₹১০,০০০.০০
২.	দুর্গাপুর ব্রাঞ্চ, নাচন রোড, বেনাচিতি, জেলা- বর্ধমান (পঃবঃ)- ৭১৩ ২১৩। দেনদার: মেসার্স সালানপুর স্টিল প্রাঃ লিঃ, রেজিস্টার্ড অফিস: ৩৩, সি আর অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০১২। ডিরেক্টরগণ: অজিত কুমার পটনি এবং বীরেন্দ্র কুমার জৈন। জামিনদারগণ: (১) শ্রী অজিত কুমার পটনি, পিতা- প্রয়াত ধরম চন্দ্র পটনি, অবনী হাইটস, ৫৯, চৌরঙ্গি রোড, কলকাতা-৭০০ ০২০। (২) শ্রী বীরেন্দ্র কুমার জৈন, পিতা- প্রয়াত ধরম চন্দ পটনি, ২৮, আপকার গার্ডেন, ২জি, জয়ন্তী এনক্লেভ, আসানসোল-৭১৩ ৩০৪। (৩) মেসার্স ডিভাইডার ব্যাপার প্রাঃ লিঃ, ৩৩, সি আর অ্যাভিনিউ, তৃতীয় তল, কলকাতা-৭০০ ০১২। (৪) মেসার্স পিরামিড ডিস্ট্রিবিউটরস অ্যান্ড সেলস প্রাঃ লিঃ, ৩৩, সি আর অ্যাভিনিউ, তৃতীয় তল, কলকাতা-৭০০ ০১২। (৫) মেসার্স আবিষ্কার ডিস্ট্রিবিউটরস প্রাঃ লিঃ, ৩৩, সি আর অ্যাভিনিউ, তৃতীয় তল, কলকাতা-৭০০ ০১২। (৬) মেসার্স ক্র্যাডল কমোডিটিজ প্রাঃ লিঃ, ৩৩, সি আর অ্যাভিনিউ, তৃতীয় তল, কলকাতা-৭০০ ০১২।	২০১২ সালের দলিল নং: ৩৯২৪ অনুযায়ী মৌজা- হাদলা, পোস্ট ও থানা- সালানপুর, জেলা- পশ্চিম বর্ধমানে জে এল নং-২৩, খতিয়ান নং-৩৮০, এল আর খতিয়ান নং-৩৭৩, প্লট নং-৪০২ সংবলিত ১.৩৭ একর; ২০১১ সালের দলিল নং: ৯৭৬৫ অনুযায়ী মৌজা- হালদি-তে জে এল নং-২৩, খতিয়ান নং-১৬৯, এল আর খতিয়ান নং-৩৭৩, প্লট নং-৩০৯ ও ৩১০ সংবলিত ০.৮৩ একর এবং ২০১১ সালের দলিল নং: ৯৭৬৯ অনুযায়ী মৌজা- হাদলা-তে জে এল নং-২৩, খতিয়ান নং-১৫, এল আর খতিয়ান নং-৩৭৩, প্লট নং-৩০৮ সংবলিত ১.২৭ একর মাপের ভূসম্পত্তি যার স্বত্বাধিকারী সালানপুর স্টিল প্রাঃ লিঃ।	১) ২০.০৪.২০১৬ ২) ১২.০৭.২০১৬ ৩) ₹৩,৪৭,২১,৮৫০.৬৭ (তিন কোটি সাতচল্লিশ লাখ একুশ হাজার আটশো পঞ্চাশ টাকা এবং সাতষট্টি পয়সা মাত্র), ৩১.০৩.২০১৬ অনুযায়ী + ভবিষ্যতের সুদ, মাশুল ও চার্জ।	₹৩০.৪৬ লাখ ₹৩.০৫ লাখ ₹১০,০০০.০০
৩.	**রানিগঞ্জ ব্রাঞ্চ,** রানিগঞ্জ, জেলা- বর্ধমান-৭১৩ ৩৪৭। দেনদার: মেসার্স লোটাস ইস্পাত প্রাইভেট লিমিটেড, আনন্দ অ্যাপার্টমেন্ট, ষষ্ঠ তল, এ জি চার্চ স্কুলের বিপরীতে, আসানসোল-৭১৩ ৩০৪। **ডিরেক্টরগণ: (১) শ্রী আনন্দ জয়সওয়াল** **(২) মিসেস প্রীতি জয়সওয়াল।**	(১) ২০০৮ সালের দলিল নং: I-৬৮৮৬ মোতাবেক শ্রী আনন্দ জয়সওয়াল-এর স্বত্বাধীনে মৌজা-আসানসোলে অবস্থিত এবং জে এল নং-৩৫, আর এস খতিয়ান নং-১৭৪, ১৮০ ও ১৮৮, আর এস প্লট নং-২১৯০, ২১৯২, ২১৯৩ ও ২১৯৪ সংবলিত ০.১৮ একর মাপের ভূসম্পত্তির সমমূল্যে বন্ধক। চৌহদ্দি: উত্তর- এনএইচ-২ বাইপাস; দক্ষিণ- প্রীতি জয়সওয়ালের জমি; পূর্ব- প্লট নং-২১৯৪ (পি), ২১৯৬ (পি), ২১৯৭ (পি); পশ্চিম- আর এস প্লট নং-২১৯৩ (পি)-তে দেওয়া বাউন্ডারি ওয়াল। (২) ২০০৮ সালের দলিল নং: I-৬৮৮৫ মোতাবেক শ্রীমতী প্রীতি জয়সওয়াল-এর স্বত্বাধীনে মৌজা-আসানসোলে অবস্থিত এবং জে এল নং-৩৫, আর এস খতিয়ান নং-১৭৪, ১৮৩ ও ১৮৪, আর এস প্লট নং-২১৯৬, ২১৯৭, ২১৯৮ ও ২১৯৯ সংবলিত ০.৪৫ একর মাপের ভূসম্পত্তির সমমূল্যে বন্ধক। চৌহদ্দি: উত্তর- আনন্দ জয়সওয়ালের জমি; দক্ষিণ- প্লট নং-২২০০ (পি); পূর্ব- প্লট নং-২১৯৪ (পি), ২১৯৬ (পি), ২১৯৭ (পি); পশ্চিম- প্লট নং-২২০০ (পি) এবং বাউন্ডারি ওয়াল।	১) ০৮.০৪.২০১৫ ২) ০৫.১১.২০১৫ ৩) ₹১,৫৭,৬৮,১৯৯.৩৮ (এক কোটি সাতান্ন লাখ আটষট্টি হাজার একশো নিরানব্বই টাকা এবং আটত্রিশ পয়সা মাত্র), ৩১.০৩.২০১৫ অনুযায়ী + ০১.০৪.২০১৫ থেকে সুদ, মাশুল ও খরচাপাতি	₹৮৫.১০ লাখ ₹৮.৫১ লাখ ₹১০,০০০.০০
৪.	**আসানসোল ব্রাঞ্চ,** আসানসোল জেলা- বর্ধমান (পঃ বঃ), ৭১৩৩০৩ দেনদার: **মেঃ শর্মা এন্টারপ্রাইজেস, স্বত্বা: শ্রীনেন্দু ভট্টাচার্য,** পিতা প্রয়াত তরুণেন্দু ভট্টাচার্য, তারা এনক্লেভ, ফ্ল্যাট নং ১০১, এস বি গোরাই রোড, আসানসোল, ৪, জামিনদার: **শ্রীমতী কাকলি ভট্টাচার্য,** স্বামী- শীর্ণেন্দু ভট্টাচার্য ও শ্রীমতী নিবেদিতা ভট্টাচার্য, স্বামী- দীপ্তেন্দু ভট্টাচার্য	আবাসিক ফ্ল্যাট নং ১০১, ২য় তল, সুপার বিল্ট আপ এরিয়া ৮২৫ বর্গফুট, তদুপরি দু-চাকার গাড়ি রাখার স্থান, .২১ বর্গফুট এক তলায়। বাড়ি- 'তারা এনক্লেভ', ব্লক-এ, মৌজা+পুরসভা আসানসোল, জে এল নং ২০, আর এস খতিয়ান নং ৩১৩২ (পুনর্সংখ্যা আর এস খতি: নং ১১০০১), আর এস প্লট ৪০০৬, সি এস প্লট নং ২০১৪, দলিল নং I-৩২৫৪/২০০৫, মালিক- শ্রীমতী কাকলি ভট্টাচার্য এবং শ্রীমতী নিবেদিতা ভট্টাচার্য, সীমানা: উত্তরে- সিঁড়ি ও লিফট, দক্ষিণে- এসবি গোরাই রোড, পূর্বে- ফ্ল্যাট নং ১০২, পশ্চিমে প্যাসেজ ও ড্রেন।	১) ৩১.০১.২০১৮ ২) ১৭.০৫.২০১৮ ৩) ₹ ২০,৭৮,৮২১.৪১ (কুড়ি লাখ আটাত্তর হাজার আটশো একুশ টাকা একচল্লিশ পয়সা) ৩১.১২.১৭ অনুযায়ী + পুঞ্জিত সুদ, মাশুল, চার্জ (০১.০১.২০১৮ থেকে শোধ না করা অবধি)।	₹ ১৫.০৩ লাখ ₹ ১.৫১ লাখ ₹১০,০০০/-
৫.	**পানাগড় ব্রাঞ্চ, জি টি রোড, পানাগড়-৭১৩১৪৮।** **দেনদার: মেঃ যশোদা এগ্রি ফুডস প্রাঃ লিঃ,** গ্রাম-গোপালমঠ, পোঃ খান্ডারীডাঙা ভায়া মানকর, বর্ধমান-৭১৩১৪৪। **ডিরেক্টর: সন্দীপ কুমার গুপ্ত, অজয় কুমার গুপ্ত ও মানস দে।** **জামিনদার : শ্রী সন্দীপ কুমার গুপ্ত,** পিতা প্রয়াত ঈশ্বরীলাল গুপ্ত, বকর আলি লেন, পাকা বাজার, আসানসোল-৭১৩৩০১ খ) **শ্রী অজয় কুমার গুপ্ত,** পিতা- প্রয়াত ঈশ্বরীলাল গুপ্ত, বকর আলি লেন, পাকা বাজার, আসানসোল-৭১৩৩০১ গ) **শ্রী মানস দে,** পিতা-প্রয়াত মনমোহন দে ৮, প্রীতিলতা ওয়াদেকার বীথি, দুর্গাপুর ৭১৩২১৬, ঘ) **শ্রীমতী মীনা দেবী গুপ্ত,** স্বামী: প্রয়াত ঈশ্বরীলাল গুপ্ত, বকর আলি লেন, পাকা বাজার, আসানসোল-৭১৩৩০১ ঙ) **শ্রী রাহুল বরনওয়াল,** পিতা-বিজয় কুমার বরনওয়াল, নীলিনি স্মৃতি, এস বি গরাই বাই লেন, আসানসোল-৭১৩৩০৩	ফ্যাক্টরি জমি, পরিকাঠামো, প্লট ও মেশিনারির অবিচ্ছেদ্য সমগ্র অংশ, মৌজা-গোপালমঠ, জেএল নং ৮৩, এল আর খতিঃ নং ৫৫৯, আর খতিঃ নং ৩৪৪, এল আর + পি এস প্লট নং ১৮১১+১৮১১/১৫৫২, গ্রাম পঞ্চায়েত-দেবশালা, থানা-বুদবুদ, জেলা পূর্ব বর্ধমান, এরিয়া-৪.৯৩ একর, মালিক-যশোদা এগ্রি ফুডস প্রাঃ লিঃ, দলিল নং ৩২১/২০১৩। সীমানা: উত্তরে-১২ ফুট পাঞ্চেত রোড, দক্ষিণে-অন্যদের খেত, পূর্বে-মানকর ভাট কুণ্ডা রোড ও পশ্চিমে-১২ ফুট চওড়া পাঞ্চেত রোড, **(গঠনমূলক দখল)**	১. ০৩.০৭.২০১৭ ২. ২০.১২.২০১৭ ৩. টাঃ ৮,৪১, ৬৩,৬৫৯.৩৪ (আট কোটি একচল্লিশ লাখ তেষট্টি টাকা হাজার ছয়শ উনষাট টাকা চৌত্রিশ পয়সা) ৩০.০৬.২০১৭ অনুযায়ী + পুঞ্জিত সুদ, আকস্মিক ব্যয় ও চার্জ ইত্যাদি (০১.০৭.১৭ থেকে টাকা শোধ করা অবধি)।	₹ ৩১৫.৭৪ লাখ ₹ ৩১.৬০ লাখ ₹ ৫০,০০০/-
৬.	**পানাগড় শাখা, জি টি রোড, পানাগড়-৭১৩১৪৮** **দেনদার: মেঃ শ্রী দুর্গা রাইস মিল,** পি নং ২২০৫, রাইস মিল রোড, পানাগড় বাজার, পানাগড়, বর্ধমান- ৭১৩১৪৮ অংশীদার : ক) **বিমল কুমার ভগত,** পিতা-প্রয়াত ভোলানাথ ভগত, জি টি রোড, গুরুদোয়ারের কাছে, পানাগড় বাজার, পানাগড়-৭১৩১৪৮ খ) **বিকাশ ভগত** ,পিতা-বিমল কুমার ভগত, জি টি রোড, গুরুদোয়ারের কাছে, পানাগড় বাজার, পানাগড়-৭১৩১৪৮	মৌজা কাঁকসা, জে এল নং ৮৬, খঃ নং ৩৪৩০, প্লট নং ২২৮৫/৪৪১৯, জমির দাগ-৫ শতক, কাঁকসা গ্রাম পঞ্চায়েত অধীন, জি টি রোড, পোঃ পানাগড় অধীন, জি টি রোড, পোঃ পানাগড় বাজার, থানা কাঁকসা, জেলা বর্ধমান ভুক্ত আবাসিক জমি ও দোতলা বিল্ডিংয়ের সমগ্র অবিচ্ছেদ্য অংশ শ্রী বিকাশ ভগতের নামে, দলিল নং ৮৪৪২, বর্ষ ২০১৪, সংশোধন দলিল নং ১৩৭০ বর্ষ ২০১৫ মারফত। সীমানা: উত্তরে- মালিকের অন্য সম্পত্তি, দক্ষিণে- বর্ধমান দুর্গাপুর মেন জি টি রোড, পূর্বে- বেনারসী আগরওয়াল ও পুত্রদের চারতলা বিল্ডিং, পশ্চিমে-পানাগড় গুরুদোয়ারা বিল্ডিং (গঠনমূলক দখল)	১. ২৮.০২.২০১৮ ২. ২৭.০৬.২০১৮ ৩. টাঃ ১,৮০,১১,৯৩৮.০০ (এক কোটি আশি লাখ এগারো হাজার নয়শ আটত্রিশ টাকা) ২৮.০২.২০১৮ অনুযায়ী ও পুঞ্জিত সুদ, আনুষঙ্গিক খরচ, মূল্য চার্জ ইত্যাদি (০১.০৩.২০১৮ থেকে প্রদানের তারিখ পর্যন্ত)	₹ ৫০.৭৪ লাখ ₹ ৫.০৮ লাখ ₹ ১০,০০০/-
৭.	**অন্ডাল ব্রাঞ্চ, ভারত গ্যাসের নিকট, জেলা-বর্ধমান-৭১৩ ৩২১** **দেনদার: মেঃ নিউ বালাজি ট্রেডিং কোং, পার্টনার: শ্রী পঙ্কজ মারোদিয়া (আগরওয়াল),** পিতা-প্রয়াত কৈলাশ মারোদিয়া, সি-১০, কলেজ রোড, রানীগঞ্জ-৭১৩ ৩২৪ এবং নীরজ আগরওয়াল, পিতা-প্রয়াত কৈলাশ মারোদিয়া, এম জি রোড, রানীগঞ্জ-৭১৩ ৩২৪	জমি ও দোতলা বাড়ির অবিচ্ছেদ্য সমগ্র অংশ, মৌজা-রানীগঞ্জ মিউনিসিপ্যালিটি, জে এল নং ২৪, আর এস খতিয়ান ১৩৬২, এল আর খতিঃ ১৮৩১১ ও ১৮৩২২, আর এস প্লট-৮২৩, এল আর প্লট ১৬০৯, পোঃ+থানা-রানীগঞ্জ, জেলা-বর্ধমান-এরিয়া ১ কাঠা ১৩ ছটাক, মালিক- শ্রী নীরজ আগরওয়াল ও শ্রী পঙ্কজ মারোদিয়া, দলিল নং ০৪৯২২/২০১০, সীমানা: উত্তরে— ১৮ ফুট চওড়া রোড, দক্ষিণে— ডোবা এবং খালি জমি, পূর্বে— অজয় সাতনিলিকার খালি জমি এবং পশ্চিমে— সাব প্লট- ডি। **(গঠনমূলক দখল)**	(১) ১৬.১১.২০১৮ (২) ১২.০৩.২০১৯ (৩) টাঃ ৩৩,০৯,৭৪৩.৭৬ (তেত্রিশ লাখ নয় হাজার সাতশ তেতাল্লিশ টাকা ছিয়াত্তর পয়সা) ৩১.১০.১৮ অনুযায়ী+ পুঞ্জিত সুদ, মাশুল, চার্জ ও আকস্মিক খরচাপাতি পরিশোধ না করা অবধি।	₹ ৩৩.৭৭ লাখ টাঃ ৩.৩৮ লাখ টাঃ ১০,০০০/-

সম্পত্তি/গুলি পরিদর্শনের তারিখ ও সময়: ২৫.০৭.২০১৯ ও ২৬.০৭.২০১৯।

ইএমডি এবং নথিপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: ২৯.০৭.২০১৯ বিকেল ৪.০০টে পর্যন্ত

ইএমডি জমার অ্যাকাউন্টের তথ্য: অ্যাকাউন্ট নং ০৩০৪১১৮১০০০১৭২, অ্যাকাউন্টের নাম: EMD Account CO Durgapur, আইএফএসসি: ORBC0100304, ব্রাঞ্চ: দুর্গাপুর

ই-নিলামের তারিখ ও সময়: ৩১.০৭.২০১৯/বেলা ১২.৩০টা থেকে দুপুর ০১.৩০টা, প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের সীমাহীন স্বতঃ সম্প্রসারণে

শর্তাদি

'যেখানে যেমন আছে', 'যেখানে যা আছে' 'যেখানে যেমন যা আছে' ভিত্তিতে ই-নিলাম সঙ্ঘটিত হবে।

উপরোক্তমতো ভিত্তিতে ৩১.০৭.২০১৯-তে ওয়েব পোর্টাল https://www.bankeauctionwizard.com মারফত অনুষ্ঠেয় অনলাইন ইলেকট্রনিক বিডিং অনুষ্ঠিত হবে এবং তাতে উক্ত সম্পত্তি ক্রয়ের জন্য আগ্রহী ক্রেতা/বিডারদের কাছ থেকে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক দরপ্রস্তাব আহূত হচ্ছে। উক্ত পোর্টালে অনলাইন বিডিং সারফায়েসি আইন ২০০২ অনুযায়ী উপরোক্ত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে। সীমাবহির্ভূত সময় সম্প্রসারণ ৫ মিনিট। আগ্রহী বিডারদের উপরোক্ত ওয়েব পোর্টালে নিজেদের নাম রেজিস্ট্রি করিয়ে আইডি এবং পাসওয়ার্ড লগইন করে নিতে হবে এবং উপরোক্ত ওয়েব পোর্টাল মারফত বায়না জমা সহযোগে বিড দাখিল করতে হবে আবার ওরিয়েন্টাল ব্যাঙ্ক অফ কমার্স-এর অ্যাকাউন্টে (এ/সি-এর নাম) অনুকূলে NEFT/RTGS/DD pay order (ডিডি)-এর মাধ্যমেও বায়নার টাকা দাখিল করা যেতে পারে। ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রাপ্ত এবং উপরোক্ত পদ্ধতিতে বায়না জমা দাখিলকারী বিডারগণই অনলাইন অকশনের শরিক হতে পারবেন। ইউজার আইডি এবং পাসওয়ার্ড তৈরি করার জন্য এবং ডকুমেন্ট আপলোডিং, বায়না জমা দাখিল সম্পর্কিত তথ্য জানতে সাহায্য ও ই-বিডিং প্রক্রিয়ায় ট্রেনিংয়ের জন্য আগ্রহীগণ মিঃ কুশল বোস 07686913157/মিঃ তৌসিক ঘোষ 09674758724/080-4935-2000 ই-মেল:kushal.b@antaressystems.com/tousik.g@antaressystems.com-এর সঙ্গে এবং সম্পত্তি সম্পর্কিত তথ্যানুসন্ধানের জন্য শ্রী জয়ন্ত কুজুর, অনুমোদিত অফিসার, 77810 11120, ই-মেল আইডি rrl-7625@obc.co.in ওরিয়েন্টাল ব্যাঙ্ক অফ কমার্স, রিসলিউশন রিকভারি অ্যান্ড ল'ক্লাস্টার,৩য় তল, নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর, জেলা বর্ধমান (পঃ বঃ) ৭১৩২১৩ ফোন: 0343-2588565 এর সঙ্গে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যেতে পারে। সফলকাম ক্রেতা বিডারদের ক্ষেত্রে উক্ত টাকাপয়সা জমা অ্যাডজাস্ট করে নেওয়া হবে এবং অসফলদের ক্ষেত্রে তা ফেরত দেওয়া হবে। বায়নার টাকায় কোনও সুদ হবে না।

বায়না অর্থাঙ্ক বাদে দরপ্রস্তাব কিংবা প্রয়োজনীয় নথিপত্রবিহীন দরপ্রস্তাব তৎক্ষণাৎ বাতিল করা হবে। ই-দরাদরির শেষে যে দরদাতার দরপ্রস্তাব সর্বাধিক বিবেচিত হবে, তাঁকে সফল দরদাতা হিসেবে ঘোষণা করা হবে এবং ব্যাঙ্কের অনুমোদিত অফিসারের অনুমোদন সাপেক্ষে তাঁকে ইলেকট্রনিক পদ্ধতিতে সেই খবর জানিয়ে দেওয়া হবে। অনুমোদিত অফিসারের তরফে প্রস্তাব গৃহীত হওয়ার পরেই তৎক্ষণাৎ বা একই দিনে (অথবা পরিস্থিতি অনুযায়ী পরবর্তী কাজের দিনের মেয়াদের মধ্যে, যার পরে হলে চলবে না) সফল ক্রেতাকে বিক্রয় মূল্যের পঁচিশ শতাংশ (২৫%) ইতিমধ্যে জমা দেওয়া ইএমডি বাবদ অর্থাঙ্ক ধরে, অনুমোদিত অফিসারের কাছে জমা দিতে হবে। যার অন্যথা হলে সংশ্লিষ্ট ক্রেতার বায়না জমা অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে। বিক্রয়মূল্যের বাকি ৭৫% বিক্রয় নিষ্পত্তি হওয়ার তারিখ থেকে ১৫তম দিনের মধ্যে অথবা কেবলমাত্র জামিনযুক্ত উত্তমর্ণ এবং প্রস্তাবিত ক্রেতার মধ্যে লিখিত সমঝোতার ভিত্তিতে বর্ধিত মেয়াদের মধ্যে জমা করতে হবে। নির্ধারিত মেয়াদের মধ্যে বাকি অর্থাঙ্ক প্রদানে সর্বাধিক দরদাতা খেলাপি হলে ওই ক্রেতা দ্বারা ইতিমধ্যে জমা দেওয়া যাবতীয় অর্থাঙ্ক এই জামিনযুক্ত উত্তমর্ণ বাজেয়াপ্ত করবে। অর্থ প্রদানে বিফলতার ক্ষেত্রে সংশ্লিষ্ট সম্পত্তিটি পুনরায় বিক্রয় করা হবে এবং বিফল ক্রেতা ওই সম্পত্তি বা আগে জমা দেওয়া অর্থাঙ্কের ওপর কোনও দাবি করতে পারবেন না। সংশ্লিষ্ট সম্পত্তির ওপর বিধিবদ্ধ কোনও বকেয়া কিংবা অন্যান্য বকেয়া অর্থাঙ্কও আগ্রহী ক্রেতাকেই বহন করতে হবে। আরও দরকারি তথ্য, বিক্রয়ের শর্ত ও নিয়মাবলি ইত্যাদি আগে লেখা ওয়েবসাইটে আপলোড করা আছে এবং দরকারে এটি অনুমোদিত অফিসারের কাছ থেকেও সংগ্রহ করা যাবে। বিক্রয়ের শর্তাবলি অনুসারী না-হওয়া দরপ্রস্তাব(গুলি) বাতিল করা হবে। স্ট্যাম্প ডিউটি এবং রেজিস্ট্রেশন চার্জসমূহ (যদি কিছু থাকে) সংক্রান্ত খরচাপাতি ক্রেতাকেই বহন করতে হবে। যাবতীয় বিধিবদ্ধ বকেয়া/ কর/ ফি/ চার্জ/ বিদ্যুৎ বিল/ জলকর ইত্যাদির মতো সমস্ত বকেয়া সফল ক্রেতাকেই বহন করতে হবে। এগুলির ব্যাপারে কোনও তথ্য দিতে এই ব্যাঙ্ক বা অনুমোদিত অফিসার বাধ্য নন। কোনও কারণ না-দেখিয়ে উপরিলিখিত সম্পত্তির ব্যাপারে যে কোনও বা সমস্ত দরপ্রস্তাব বাতিল করা কিংবা গ্রহণ করার অধিকার এই ব্যাঙ্কের অনুমোদিত অফিসার বহাল রাখেন। এটি ওপরে বর্ণিত সম্পত্তিগুলির আগে লেখা তারিখে ই-নিলাম বিক্রয় সংক্রান্ত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) অ্যামেন্ডমেন্ট রুলস, ২০০২-এর রুল ৯(১)-এর অধীনে ওপরে লেখা ঋণ সম্পর্কিত দেনদার(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)-এর প্রতিও একটি বিজ্ঞপ্তি এবং এর মাধ্যমে তাঁদের উপস্থিতি ও সহযোগিতা কামনা করা হচ্ছে।

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) অ্যামেন্ডমেন্ট রুলস, ২০০২-এর রুল ৯(১)-এর অধীনে বিধিবদ্ধ ৩০ দিনের বিক্রয় বিজ্ঞপ্তি

তারিখ: ১০.০৭.২০১৯,
স্থান: দুর্গাপুর

অনুমোদিত অফিসার,
ওরিয়েন্টাল ব্যাঙ্ক অফ কমার্স

বিক্রয়ের বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য, অনুগ্রহ করে আমাদের ব্যাঙ্কের ওয়েবসাইট অর্থাৎ, www.obcindia.co.in-তে টেন্ডার কলামের অধীনে দেওয়া লিঙ্ক দেখুন।